কালের কণ্ঠ

তারিখ ... 3 JAN 2017
পৃষ্ঠা ...


# প্রতি সেটের জন্য ৫০ টাকা চাইলেন শিক্ষা কর্মকর্তা

**রৌমারী (কুড়িগ্রাম) প্রতিনিধি ▷**

কুড়িগ্রামের রৌমারী উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা শাহালম পারভেজ প্রতি সেট পাঠ্য বইয়ের জন্য ৫০ টাকা করে দাবি করেছেন। টাকা না দেওয়ায় বই সরবরাহ বন্ধ করে দিয়েছেন। সরকারি নিয়মানুযায়ী পাঠ্য বই বিনা মূল্যে সরবরাহ করার কথা।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, এ উপজেলায় মাধ্যমিক পর্যায়ে বিদ্যালয় ও মাদ্রাসা ২৮টি এবং কিন্ডারগার্টেন রয়েছে ২৫টি। এসব প্রতিষ্ঠানে ১০ হাজারের মতো শিক্ষার্থী রয়েছে। এ হিসাবে পাঠ্য বই বরাদ্দ পাওয়া গেছে। প্রতিষ্ঠানে তা সরবরাহ করা হচ্ছে।

কিন্ডারগার্টেন প্রতিষ্ঠানের প্রধানরা অভিযোগ করেন, বেসরকারি বিদ্যালয় ও মাদ্রাসায় পাঠ্য বই উৎসব হলেও তাঁরা তা করতে পারেননি। কেননা তাঁদের পাঠ্য বই সরবরাহ করা হয়নি। তাঁরা চার দিন ধরে ঘুরছেন। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের (এনসিটিবি) কারিকুলাম অনুসারে সব কিন্ডারগার্টেনে নতুন বছরের শুরুতে পাঠ্য বই বিতরণের



বিনা মূল্যের পাঠ্য বই

কথা রয়েছে।

নাম প্রকাশে অনিচ্ছুক এক সহকারী শিক্ষক বলেন, 'মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা প্রতিষ্ঠানপ্রধানদের ডেকে নিয়ে প্রতি সেট বইয়ের জন্য ৫০ টাকা হারে দাবি করেছেন। একই সঙ্গে তিনি প্রধান শিক্ষকদের উদ্দেশে বলেছেন, বিনা মূল্যের পাঠ্য বই বিতরণে আপনারা সবাই তো জনপ্রতি ৫০০ টাকার বেশি আদায় করছেন। সেখানে আমাদের জন্য মাত্র ৫০ টাকা হারে দিলে সমস্যা কোথায়?' ওই শিক্ষক আরো জানান, যে প্রতিষ্ঠানে দেড় হাজার শিক্ষার্থী রয়েছে সে প্রতিষ্ঠানকে প্রায় ৭৫ হাজার টাকা গুনতে হচ্ছে।

প্রধান শিক্ষকরা জানান, বিনা মূল্যের পাঠ্য বই বিতরণের জন্য তাঁরা কোনো অর্থ নেন না। তবে বিদ্যালয়ের নিয়ম অনুসারে সেশন ও ভর্তি ফি আদায় করা হচ্ছে। নাম প্রকাশে অনিচ্ছুক এক প্রধান শিক্ষক বলেন, 'পাঠ্য বই বিতরণের সময় ওই ফি আদায় করা একটু সহজ। এ কারণে আমরা বই বিতরণের সময় ওই ফি আদায় করছি।'

এ বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা শাহালম পারভেজ বলেন, 'প্রতি সেট বইয়ের জন্য ৫০ টাকা হারে দাবির অভিযোগ মিথ্যা। আমরা কোনো টাকা দাবি করি নাই। আর কিন্ডারগার্টেন দুই-তিন দিনের মধ্যে বই পেয়ে যাবে।'

রৌমারী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আব্দুল্লাহ আল মামুন তালুকদার বলেন, 'বিষয়টি তো শিক্ষা অফিসের। আমার কাছে কেউ অভিযোগ করেনি। এর পরও আমি খোঁজ নিয়ে ব্যবস্থা নেব।'